



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2022

গভর্নর ক্যাথি হোকল

পাবলিক পার্ক ও সমুদ্র সৈকতগুলোতে ধূমপান নিষিদ্ধ করে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

S.4142/A.5061 আইনটি পাবলিক পার্ক ও সমুদ্র সৈকতগুলোতে ধূমপান নিষিদ্ধ করছে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের মালিকানাধীন সব সমুদ্র সৈকত, ব্রডওয়াক, ম্যারিনা, খেলার মাঠ, রিক্রিয়েশন সেন্টার, ও গ্রুপ ক্যাম্পগুলোতে ধূমপান নিষিদ্ধ করে আইন (S.4142/A.5061) স্বাক্ষর করেছেন। এসব নির্ধারিত এলাকায় ধূমপান করলে 50 ডলারের দেওয়ানি জরিমানার শাস্তি ভোগ করতে হবে। বিলটি অ্যাডিরনড্যাক ও ক্যাটস্কিলের পাশাপাশি পার্কিং লট, পার্কের পাশের সাইডওয়াক এবং পার্কের উদ্দেশ্যে ব্যবহৃত হয় না এমন এলাকাগুলোকে এই নিষেধাজ্ঞার আওতাভুক্ত রেখেছে।

"ধূমপান একটি বিপজ্জনক অভ্যাস যা শুধু ধূমপায়ীকে নয় বরং তাদের আশেপাশের সবাইকে ক্ষতিগ্রস্ত করে, যাদের মধ্যে আমাদের স্টেটের চমৎকার জনসমাগমের স্থানগুলো উপভোগ করতে আসা পরিবার ও শিশুরাও অন্তর্ভুক্ত রয়েছে," বলেছেন গভর্নর হোকল। "এই আইন স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত যা নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকে সুরক্ষিত রাখবে এবং স্টেটজুড়ে পাবলিক পার্ক ও সমুদ্র সৈকতগুলোতে আবর্জনা কমাতে সাহায্য করবে।"

বহু মিউনিসিপ্যালিটি ও স্থানীয় সরকার ইতোমধ্যে জনসমাগমের স্থানগুলোতে ধূমপানের উপর বিধিনিষেধ বা নিষেধাজ্ঞা আরোপ করেছে। এই অতিরিক্ত পেনাল্টি স্টেটব্যাপী একটি নিষেধাজ্ঞা কার্যকর করবে এবং একটি জরিমানা অন্তর্ভুক্ত করবে যেটি স্থানীয় কর্তৃপক্ষগুলো সংগ্রহ করবে।

পরোক্ষ ধূমপানের দ্বারা তৈরি হওয়া স্বাস্থ্য ঝুঁকিগুলোর পাশাপাশি, ফেলে দেওয়া নন-বায়োডিগ্রেডেবল ফিল্টারের কারণে সিগারেটের গোড়াগুলো পরিবেশের জন্য একটি বড় ধরনের বিপদ হয়ে দাঁড়ায়। ক্লিনআপ প্রকল্প চলাকালীন সময়ে এই জিনিসটিই সবচেয়ে বেশি খুঁজে পাওয়া যায়। এই নিষেধাজ্ঞার মাধ্যমে, পার্ক ও সৈকতগুলোর পাশাপাশি আমাদের স্থানীয় বাস্তুসংস্থান অধিকতর নির্মল ও নিরাপদ রাখা যাবে।

স্টেট সিনেটর টোবি অ্যান স্ট্যাভিন্স্কি বলেন, "নিউ ইয়র্কের পাবলিক পার্কগুলো পরিবার বান্ধব ভেন্যু। কোনো ব্যক্তিরই, বিশেষ করে শিশুদের, খেলার মাঠে খেলাধুলা করার সময় অথবা কোনো পাবলিক বিচ বা ক্যাম্প সাইটে সময় উপভোগ করার সময় পরোক্ষ ধূমপানের শিকার

হওয়া উচিত নয়। এছাড়াও আমাদের পার্কগুলো মাটিতে ছড়িয়ে ছিটিয়ে থাকা নন-বায়োডিগ্রেডেবল সিগারেটের গোড়া দিয়ে কলঙ্কিত হওয়া উচিত নয়। আমাদের পার্কগুলোর নান্দনিক নেটওয়ার্ক সুরক্ষিত রাখতে ও উন্নত করতে এই আইনের পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত এবং এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদেরকে আমাদের পার্কগুলোর সৌন্দর্য উপভোগ করতে সাহায্য করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জেফরি ডিনোউইটজ বলেন, "নিউ ইয়র্কবাসীরা তাজা বাতাসের জন্য এবং একটি সুস্থ জীবনযাত্রা বজায় রাখার জন্য আমাদের পার্কগুলোতে যান। ধূমপান ঠিক এটির বিপরীত একটি ব্যাপার। পার্কগুলোতে ধূমপানের উপর স্টেটজুড়ে এই গুরুত্বপূর্ণ নিষেধাজ্ঞাকে গভর্নর হোকল স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন জেনে আমি অত্যন্ত আনন্দিত হয়েছি, এবং কয়েক বছর ধরে এই বিলটির প্রতি তাদের গুরুত্বপূর্ণ সমর্থনের জন্য আমার সহকর্মীদেরকে আমি ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418